## মঞ্জুরি নং- ১০

# ১১২ - আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

## মধ্যমেয়াদি ব্যয়

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট ২০২৬-২৭ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|
| | | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| পরিচালন ব্যয় | ৯১,৬৫,০০ | ৯৬,২৩,০০ | ১০১,০৪,০০ |
| উন্নয়ন ব্যয় | ৩৪৭৪,৫৮,০০ | ৩৬৪৮,৩১,০০ | ৩৮৩০,৭২,০০ |
| **মোট** | **৩৫৬৬,২৩,০০** | **৩৭৪৪,৫৪,০০** | **৩৯৩১,৭৬,০০** |
| | | | |
| আবর্তক | ২০১,৯০,৫০ | ১৩৬,৫১,৯৬ | ১০০,২২,৫০ |
| মূলধন | ৮০,৬৩,৫০ | ৮০০,৭৩,০০ | ১০০০,৮১,৫০ |
| আর্থিক সম্পদ | ৩২৮৩,৬৯,০০ | ২৮০৭,২৯,০৪ | ২৮৩০,৭২,০০ |
| দায় | ০ | ০ | ০ |
| **মোট** | **৩৫৬৬,২৩,০০** | **৩৭৪৪,৫৪,০০** | **৩৯৩১,৭৬,০০** |

## ১.০ মিশন স্টেটমেন্ট ও প্রধান কার্যাবলি

### ১.১ মিশন স্টেটমেন্ট

প্রাতিষ্ঠানিক কাঠামো শক্তিশালী করার মাধ্যমে অন্তর্ভুক্তিমূলক আর্থিক বাজার সৃষ্টি ও সেবার মানোন্নয়ন।

### ১.২ প্রধান কার্যাবলি

১.২.১. মুদ্রাবাজার, পুঁজিবাজার, বীমা ও অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান সংশ্লিষ্ট আইন, বিধি, প্রবিধি, নীতি প্রণয়ন ও সংশোধন;

১.২.২. আর্থিক প্রতিষ্ঠানের কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন;

১.২.৩. প্রাতিষ্ঠানিক কাঠামো শক্তিশালীকরণের মাধ্যমে আর্থিক বাজার ও প্রতিষ্ঠান উন্নয়ন;

১.২.৪. আর্থিক খাতের নিয়ন্ত্রক প্রতিষ্ঠানসমূহের কাজের সমন্বয় সাধন;

১.২.৫. রাষ্ট্রমালিকানাধীন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের কার্যক্রমের সামগ্রিক পরিবীক্ষণ ও মূল্যায়ন;

১.২.৬. পুঁজিবাজারে নতুন প্রোডাক্ট প্রচলনের মাধ্যমে বাজার সম্প্রসারণ ও উত্তম মৌলভিত্তিসম্পন্ন সিকিউরিটিজ সরবরাহ;

১.২.৭. বীমা দাবী নিষ্পত্তির হার বৃদ্ধি এবং বীমা বিষয়ে প্রশিক্ষণ প্রদান কার্যক্রম পরিচালনা;

১.২.৮. ক্ষুদ্রঋণ কার্যক্রম সম্প্রসারণের মাধ্যমে আত্মকর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র বিমোচন ।

## ২.০ মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য ও কার্যক্রমসমূহ

| মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রমসমূহ | বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১. ব্যাংক ও নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমূহের সক্ষমতা, | • আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা সম্পর্কিত আইন, বিধি ও নীতিমালা প্রণয়ন ও সংশোধন | • সচিবালয় |

| মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রমসমূহ | বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| পেশাদারিত্ব ও আর্থিক খাতে শৃঙ্খলা রক্ষা এবং আর্থিক অন্তর্ভুক্তি বৃদ্ধি | • রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহের শ্রেণিকৃত ঋণ হ্রাসকরণ;<br>• কৃষি খাতে ঋণ প্রদান তত্ত্বাবধান;<br>• এসএমই খাতে ঋণ প্রদান তত্ত্বাবধান এবং<br>• এজেন্ট ব্যাংকিং কার্যক্রম সম্প্রসারণ। | • বাংলাদেশ ব্যাংক |
| ২. পুঁজিবাজারের কার্যকারিতা বৃদ্ধিকরণ | • পুঁজিবাজারে নতুন বিনিয়োগ বৃদ্ধি;<br>• পুঁজিবাজারে তালিকাভুক্ত কোম্পানি বৃদ্ধি;<br>• মূলধন উত্তোলনের লক্ষ্যে আইপিও/আরপিও/রাইট/ডেট সিকিউরিটিজ ইস্যুকরণ;<br>• দেশব্যাপি ফাইন্যান্সিয়াল লিটারেসি ও বিনিয়োগকারীগণের প্রশিক্ষণের মাধ্যমে মানবসম্পদের দক্ষতা উন্নয়ন; | • বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন |
| | • পুজিবাজারকে অধিকতর কার্যকর করার জন্য মানসম্মত গবেষণা পরিচালনা করা;<br>• পুঁজিবাজারে বিনিয়োগকারীদের জন্য প্রশিক্ষণ<br>• পুঁজিবাজার সংক্রান্ত বিভিন্ন সার্টিফিকেট কোর্সের আয়োজন করা। | • বাংলাদেশ ইন্‌স্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট |
| ৩. বীমা খাতে শৃঙ্খলা সুসংহতকরণ ও অন্তর্ভুক্তি বৃদ্ধি | • বীমা বিষয়ক বিধিমালা/প্রবিধানমালা/গাইডলাইন জারি;<br>• বীমা দাবী নিষ্পত্তির হার বৃদ্ধি;<br>• বীমা খাতে অন্তর্ভুক্তি বৃদ্ধি এবং | • বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ<br>• |
| | • বীমা বিষয়ে প্রশিক্ষণ প্রদান | • বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি |
| ৪. ক্ষুদ্রঋণ কার্যক্রম সম্প্রসারণ ও পরিচালনা সহায়তা জোরদার | • ক্ষুদ্রঋণ বিতরণ ও আদায়;<br>• এমএফআই সুবিধাভোগীদের সংখ্যা বৃদ্ধি;<br>• নারীদের মধ্যে ক্ষুদ্রঋণ বিতরণ। | • মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি<br>• **পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)** |

## ৩.০ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সংক্রান্ত তথ্য

### ৩.১ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়নের উপর মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্যসমূহের প্রভাব

#### ৩.১.১ ব্যাংক ও অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমূহে পেশাদারিত্ব এবং আর্থিক অন্তর্ভুক্তি বৃদ্ধি

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** দেশের ব্যাপক জনগোষ্ঠীকে ব্যাংকিং ও আর্থিক সেবার আওতায় আনা সম্ভব হবে। ফলে অর্থনৈতিক কর্মকান্ডে অধিক সংখ্যক জনগোষ্ঠীর অংশগ্রহণ নিশ্চিত হবে, যা তাদের দারিদ্র্য নিরসনে সহায়ক হবে।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** ব্যাংকিং খাত সম্প্রসারণের ফলে নারী উদ্যোক্তারা অধিকতর ব্যাংকিং সেবার সুযোগ লাভ করবে, ফলে নারীদের নতুন নতুন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে।

### ৩.১.২ পুঁজিবাজারের কার্যকারিতা বৃদ্ধিকরণ:

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** পুঁজিবাজার সুশৃঙ্খল ও শক্তিশালী হলে মূলধন প্রাপ্তি সহজলভ্য হবে এবং দেশে নতুন নতুন শিল্প কারখানা স্থাপিত হবে। উক্ত শিল্প কারখানাসমূহে কর্মসংস্থানের সৃষ্টি হবে, যার ফলশ্রুতিতে দারিদ্র্য নিরসনের গতি ত্বরান্বিত হবে।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** পুঁজিবাজার কার্যকর হলে শিল্পায়নের প্রক্রিয়া ত্বরান্বিত হবে, যার ফলে নারীদের অধিকতর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে।

### ৩.১.৩ বীমা খাতে অন্তর্ভুক্তি বৃদ্ধি ও শৃঙ্খলা সুসংহতকরণ:

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** বীমাখাতের প্রসারের ফলে অর্থনৈতিক প্রবৃদ্ধি ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির মাধ্যমে দারিদ্র্য বিমোচন সম্ভব হবে।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** বীমা খাতের আওতা প্রসারিত হলে অধিক সংখ্যক নারীর আর্থিক নিরাপত্তা বৃদ্ধি পাবে ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে, যা নারী সমাজের দারিদ্র্য নিরসনে সহায়ক হবে।

### ৩.১.৪ সুনিয়ন্ত্রিত ক্ষুদ্রঋণ কার্যক্রম সম্প্রসারণ ও পরিচালনা সহায়তা জোরদার:

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** তৃণমূল পর্যায়ে বিভিন্ন ধরনের উদ্যোক্তা সৃষ্টি ও আর্থিক বিকাশ সাধনে গৃহীত কার্যক্রম ও প্রশিক্ষণ এবং আত্ম-কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে প্রদত্ত ক্ষুদ্রঋণ কার্যক্রমের মাধ্যমে দারিদ্র্য বিমোচন ত্বরান্বিত হবে।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** বিভিন্ন ধরনের কারিগরি, বৃত্তিমূলক, আয়বর্ধক কার্যক্রম ও প্রশিক্ষণ নারী সমাজের সামাজিক ও আর্থিক উন্নয়নে সহায়তা করবে।

## ৩.২ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সম্পর্কিত বরাদ্দ

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|
| | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| দারিদ্র্য নিরসন | ২৫৫৮,৩০,৯৯ | ৩১৪২,৫৪,৫১ | ৩১৪২,৫৪,৫১ |
| নারী উন্নয়ন | ৭১১,১০,৯৮ | ১২৬৫,১০,৯৬ | ১২৬৫,১০,৯৬ |

## ৪.১ অগ্রাধিকার ব্যয়খাত/কর্মসূচিসমূহ (Priority Spending Areas/Programmes)

| অগ্রাধিকার ব্যয় খাত/কর্মসূচিসমূহ | সংশ্লিষ্ট মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য |
|---|---|
| ১. **ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহে সক্ষমতা, পেশাদারিত্ব এবং আর্থিক অন্তর্ভুক্তি বৃদ্ধি**<br>ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহে স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধির মাধ্যমে একটি সুশৃঙ্খল ও স্থিতিশীল আর্থিক কাঠামো বিনির্মাণে বাংলাদেশ ব্যাংক নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এরই ধারাবাহিকতায়, আর্থিক অন্তর্ভুক্তি এবং আর্থিক প্রতিষ্ঠানগুলোর পেশাদারিত্ব বৃদ্ধিতে বাংলাদেশ ব্যাংক উল্লেখযোগ্য পদক্ষেপ গ্রহণ করছে।<br>আর্থিক সাক্ষরতাকে জাতীয় স্কুল কারিকুলামে অন্তর্ভুক্ত করেছে, জেলা পর্যায়ে 'স্কুল ব্যাংকিং কনফারেন্স' আয়োজন করেছে এবং কৃষক, এসএমই ও প্রবীণ নাগরিকদের মতো বৈচিত্র্যময় গোষ্ঠীর জন্য বিশেষায়িত রিসোর্স ওয়েবসাইট ও অ্যানিমেটেড কন্টেন্ট তৈরি করেছে। বাংলাদেশ ব্যাংক সকল তফশিলি ব্যাংককে প্রতিটি শাখার নিকটবর্তী অন্তত একটি শিক্ষা প্রতিষ্ঠানে স্কুল ব্যাংকিং কার্যক্রম বাস্তবায়নের নির্দেশ দিয়েছে। এই উদ্যোগের লক্ষ্য হলো শিক্ষার্থীদের ব্যাংকিং সেবার সরাসরি সুযোগের মাধ্যমে আর্থিক অন্তর্ভুক্তিতে উৎসাহিত করা। আর্থিক সাক্ষরতার এই প্রচেষ্টার সাথে মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস (MFS), এজেন্ট ব্যাংকিং এবং 'No-Frill' অ্যাকাউন্টের (১০/৫০/১০০ টাকা) মতো ডিজিটাল অন্তর্ভুক্তি সরঞ্জামগুলো যুক্ত করে বাংলাদেশ ব্যাংক ঋণের বোঝা প্রতিরোধ, আনুষ্ঠানিক আর্থিক ব্যবস্থার প্রতি আস্থা তৈরি এবং সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর জীবনযাত্রার মানোন্নয়নের মাধ্যমে | • আর্থিক প্রতিষ্ঠানসমূহে পেশাদারিত্ব এবং আর্থিক অন্তর্ভুক্তি বৃদ্ধি |

| অগ্রাধিকার ব্যয় খাত/কর্মসূচিসমূহ | | সংশ্লিষ্ট মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য |
|---|---|---|
| | জাতীয় অর্থনৈতিক প্রবৃদ্ধি ত্বরান্বিত করতে চায়।<br>ভূমিহীন/প্রান্তিক কৃষক, দরিদ্র জনগোষ্ঠী এবং নিম্ন আয়ের পেশাজীবীদের আনুষ্ঠানিক ব্যাংকিং সেবায় অন্তর্ভুক্ত করতে বাংলাদেশ ব্যাংক কোনো ফি ছাড়া অথবা মাত্র ১০/৫০/১০০ টাকার নামমাত্র চার্জে বিশেষ ধরনের ব্যাংক অ্যাকাউন্ট খোলার উদ্যোগ নিয়েছে। এছাড়াও, এজেন্ট ব্যাংকিং নীতিমালা দুর্গম এলাকায় বৈদেশিক রেমিট্যান্স বিতরণ, ক্ষুদ্র ঋণ ও অ্যাকাউন্ট খোলার মতো ব্যাংকিং সেবা সহজতর করা হবে এবং সুবিধাবঞ্চিত অঞ্চলে আর্থিক সেবা পৌঁছে দেয়া হবে। এই প্রচেষ্টাসমূহ আর্থিক অন্তর্ভুক্তি বৃদ্ধি এবং সমাজের সকল স্তরের মানুষের ব্যাংকিং সেবার সুযোগ নিশ্চিত করার সামগ্রিক লক্ষ্য অর্জনে অবদান রাখবে। | |
| ২. | **অধিকতর কার্যকর পুঁজিবাজার প্রতিষ্ঠা**<br>বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণের জন্য পুঁজিবাজারের স্টক ব্রোকার ও সাব-ব্রোকার, শেয়ার হস্তান্তরকারী প্রতিনিধি, ইস্যু ব্যাংকার, মার্চেন্ট ব্যাংকার, ইস্যু নিবন্ধক ও ম্যানেজার, অবলিখক, পোর্টফলিও ম্যানেজার, বিনিয়োগ উপদেষ্টা এবং পুঁজিবাজারের সংগে সম্পৃক্ত অন্যান্য প্রতিষ্ঠানের কার্যকর সমন্বয়ের জন্য যথাযথ আইনী কাঠামো তৈরির পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। এ খাতে দক্ষ জনবল তৈরির লক্ষ্যে বাংলাদেশ ইন্‌স্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট গঠন করা হয়েছে। পুঁজি বাজার সংশ্লিষ্ট দক্ষ জনগোষ্ঠি তৈরির লক্ষ্যে উন্নততর ও মানসম্মত প্রশিক্ষণ ব্যবস্থা গড়ে তোলার জন্য এ প্রতিষ্ঠানকে আধুনিকায়ন ও সম্প্রসারণ করার উদ্যোগ নেয়া হয়েছে। ইতোমধ্যে পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা বিএসইসি-কে শক্তিশালী করার জন্য জনবল ও অন্যান্য সরঞ্জাম বৃদ্ধি করা হয়েছে। পুঁজিবাজারে ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র বিনিয়োগকারীদের সহায়তার লক্ষ্যে পুনঃঅর্থায়ন কার্যক্রম চলছে বিধায় এ খাতকে তৃতীয় অগ্রাধিকার খাত হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে। | • পুঁজিবাজারের কার্যকারিতা বৃদ্ধিকরণ |
| ৩. | **বীমা খাতের অন্তর্ভুক্তি এবং বীমা সম্পর্কে ব্যাপক জনসচেতনতা বৃদ্ধি**<br>বীমা শিল্প ব্যবসার তত্ত্বাবধান, বীমা পলিসি গ্রাহক ও পলিসির অধীনে উপকারভোগীদের স্বার্থ সংরক্ষণ এবং বীমা শিল্পের নিয়মতান্ত্রিক উন্নয়ন ও নিয়ন্ত্রণের লক্ষ্যে বিভিন্ন উদ্যোগ গ্রহণ করা হচ্ছে। বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ এর আওতায় উক্ত কর্তৃপক্ষ কার্যক্রম পরিচালনা করেছে। আইসিটি'র ব্যবহার বৃদ্ধি এবং সংস্কারের মাধ্যমে বীমা খাতের উপর জনগণের আস্থা বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বীমা পেশায় প্রশিক্ষিত ও পেশাদার জনবল গড়ে তোলার উদ্দেশ্য বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমির মাধ্যমে এ পেশার সাথে জড়িতদের নিয়মিত প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। বীমা ক্ষেত্রে প্রশিক্ষণের পরিমাণ ও মান বৃদ্ধির জন্য এবং এটিকে আন্তর্জাতিক মানের প্রশিক্ষণ প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার উদ্দেশ্যে এর অবকাঠামো ও একাডেমিক কার্যক্রম সম্প্রসারণের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। বীমা শিল্পের গুরুত্ব বিবেচনায় এ খাতকে চতুর্থ অগ্রাধিকার খাত হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে। | • বীমা খাতে অন্তর্ভুক্তি বৃদ্ধি ও শৃঙ্খলা সুসংহতকরণ। |
| ৪. | **উদ্যোক্তা সৃষ্টির মাধ্যমে কর্মসংস্থান এবং আর্থিক সহায়তা প্রদান**<br>মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি (এমআরএ), পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ), সোস্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ), বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন (বিএনএফ), বাংলাদেশ মিউনিসিপ্যাল ডেভেলপমেন্ট ফান্ড (বিএমডিএফ), ইকুইটি সাপোর্ট ফান্ড (ইএসএফ), স্মল এন্টারপ্রাইজ ফান্ড (এসইএফ) এর তত্ত্বাবধানে/আওতায় ক্ষুদ্র উদ্যোক্তা সৃষ্টি ও উন্নয়ন, কৃষিভিত্তিক শিল্প এবং তথ্য যোগাযোগ প্রযুক্তি (ICT) খাতে বিনিয়োগের মাধ্যমে গৃহীত বিভিন্ন কার্যক্রমের ফলে দেশের প্রত্যন্ত অঞ্চলে ব্যাপক হারে উদ্যোক্তা ও কর্মসংস্থান সৃষ্টি হচ্ছে। ক্ষুদ্রঋণ কার্যক্রমে দরিদ্র জনগোষ্ঠীর জন্য সামাজিক ও অবকাঠামোগত সুবিধা সৃষ্টি এবং অতি দরিদ্র, বিশেষত যুবমহিলাদের এতে অগ্রাধিকার দেয়া হচ্ছে। ক্ষুদ্রঋণ খাতকে পঞ্চম অগ্রাধিকার কর্মসূচি হিসেবে চিহ্নিত করা | • ক্ষুদ্রঋণ কার্যক্রম সম্প্রসারণ |

| অগ্রাধিকার ব্যয় খাত/কর্মসূচিসমূহ | সংশ্লিষ্ট মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য |
|---|---|
| হয়েছে। | |

## ৪.২ মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণ (২০২৬-২৭ হতে ২০২৮-২৯)

### ৪.২.১ দপ্তর/সংস্থা/প্রাতিষ্ঠানিক ইউনিটওয়ারী ব্যয়

(হাজার টাকায়)

| অর্থনৈতিক গ্রুপ কোড বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | প্রাক্কলন ২০২৬-২৭ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|
| | ২০২৫-২৬ | | | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| সচিবালয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | ৩৫২১,০০,০০ | ৫২১১,৮১,৭৯ | ৩৫৬৬,২৩,০০ | ৩৭৪৪,৫৪,০০ | ৩৯৩১,৭৬,০০ |
| **সর্বমোট :** | **৩৫২১,০০,০০** | **৫২১১,৮১,৭৯** | **৩৫৬৬,২৩,০০** | **৩৭৪৪,৫৪,০০** | ৩৯৩১,৭৬,০০ |

### ৪.২.২ অর্থনৈতিক গ্রুপ কোড অনুযায়ী ব্যয়

(হাজার টাকায়)

| অর্থনৈতিক গ্রুপ কোড | বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | প্রাক্কলন ২০২৬-২৭ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|
| | | ২০২৫-২৬ | | | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| | **আবর্তক ব্যয়** | | | | | |
| ৩১১১ | নগদ মজুরি ও বেতন | ৮,৮১,৫০ | ৯,৪২,৫০ | ৯,৭১,৬০ | ৯,৯২,৫৪ | ১০,৪৩,৭১ |
| ৩২১১ | প্রশাসনিক ব্যয় | ৯০,০০ | ১,২৪,৫০ | ১,২৬,৪০ | ১,০১,১৫ | ১,৩২,৩০ |
| ৩২৩১ | প্রশিক্ষণ | ৭০,০০ | ২,৭৪,৯৮ | ২,৮৪,৮৩ | ৮৫,০০ | ৯০,০০ |
| ৩২৪৩ | পেট্রোল, অয়েল ও লুব্রিকেন্ট | ১৫,০০ | ১৬,০০ | ২০,০০ | ২০,০০ | ২২,০০ |
| ৩২৪৪ | ভ্রমণ ও বদলি | ২১,০০ | ১৬,০০ | ২১,৫০ | ২৪,৫০ | ২৫,৫০ |
| ৩২৫৫ | মুদ্রণ ও মনিহারি | ৪৯,৭০ | ৪৯,৮৮ | ৫৮,৭৭ | ৬৭,৫০ | ৭৯,০০ |
| ৩২৫৬ | সাধারণ সরবরাহ ও কাঁচামাল সামগ্রী | ৫,০০ | ৫,০০ | ৫,৫০ | ৬,০০ | ৬,৫০ |
| ৩২৫৭ | পেশাগত সেবা, সম্মানী ও বিশেষ ব্যয় | ১,০০,৩০ | ২৩,৪০ | ৬৮,৫৪,৪০ | ৯৯,১০ | ১,০৪,০৫ |
| ৩২৫৮ | মেরামত ও সংরক্ষণ | ১,৮০,৫০ | ১,৮০,৫০ | ১,৮৮,৫০ | ২,১১,২১ | ২,২৫,৪৪ |
| ৩৬৩১ | আবর্তক অনুদান | ৭২,৯১,৬০ | ১৬৪১,০৯,৯৪ | ৭৪,৬২,১০ | ২১,৬৮,৭০ | ২২,১৭,১০ |
| ৩৬৩২ | মূলধন অনুদান | ২২,০০ | ২২,৫০ | ১৭,৯০ | ৮৭,৮০ | ৮৭,৮০ |
| ৩৮২৩ | প্রকল্পের আবর্তক স্থানান্তর | ৪২,০২,০০ | ৬৩,৬১,৫০ | ৪১,১০,০০ | ৪১,০১,৯৬ | ০ |
| ৩৯১১ | সংরক্ষিত | ৫,৬০ | ০ | ৬৯,০০ | ৫৬,৮৬,৫০ | ৫৯,৮৯,১০ |
| | **মোট : - আবর্তক ব্যয়** | **১২৯,৩৪,২০** | **১৭২১,২৬,৭০** | **২০১,৯০,৫০** | **১৩৬,৫১,৯৬** | ১০০,২২,৫০ |
| | **মূলধন ব্যয়** | | | | | |
| ৪১১২ | যন্ত্রপাতি ও সরঞ্জামাদি | ২,৩১,৮০ | ২,৮৯,৪৯ | ৬৩,৫০ | ৭৩,০০ | ৮১,৫০ |
| ৪২১১ | প্রকল্প মূলধন ব্যয় | ২০,৩২,০০ | ১৩৭,৫৭,১১ | ০ | ০ | ০ |
| ৪৯১১ | সংরক্ষিত | ১৯৫,০২,০০ | ০ | ৮০,০০,০০ | ৮০০,০০,০০ | ১০০০,০০,০০ |
| | **মোট : - মূলধন ব্যয়** | **২১৭,৬৫,৮০** | **১৪০,৪৬,৬০** | **৮০,৬৩,৫০** | **৮০০,৭৩,০০** | ১০০০,৮১,৫০ |
| | **সম্পদ** | | | | | |
| ৭২১৫ | ঋণ | ৩১৭৪,০০,০০ | ৩৩৫০,০৮,৪৯ | ৩২৮৩,৬৯,০০ | ২৮০৭,২৯,০৪ | ২৮৩০,৭২,০০ |
| | **মোট : - সম্পদ** | **৩১৭৪,০০,০০** | **৩৩৫০,০৮,৪৯** | **৩২৮৩,৬৯,০০** | **২৮০৭,২৯,০৪** | ২৮৩০,৭২,০০ |
| | **সর্বমোট :** | **৩৫২১,০০,০০** | **৫২১১,৮১,৭৯** | **৩৫৬৬,২৩,০০** | **৩৭৪৪,৫৪,০০** | ৩৯৩১,৭৬,০০ |

## ৫.০ মন্ত্রণালয়/বিভাগের প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহ (Key Performance Indicators)

| নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১. ২০৩০ সালের মধ্যে ব্যাংকিং খাতে অন্তর্ভুক্তি ১০০% এ উন্নীত করা | ১ | % | ৮৬ | ৪৩ | ৮৬ | ৮৬ | ৮৭ | ৮৮ | ৮৯ |
| ২. ২০৩০ সালের মধ্যে শ্রেণিকৃত ঋণের হার ১০% এ নামিয়ে আনা | ১ | % | | ৪৮ | | ৪৫ | ২৫% | ২০% | ১৫% |
| ৩. ২০৩০ সালের মধ্যে অধিকতর কার্যকর পুঁজিবাজার প্রতিষ্ঠার লক্ষ্যে তালিকাভুক্ত কোম্পানি বৃদ্ধির হার ১০% এ উন্নীত করা | ২ | % | ৩ | ০ | ৪ | ২ | ৫ | ৬ | ৭ |
| ৪. ২০৩০ সালের মধ্যে বীমা খাতে অন্তর্ভুক্তি বৃদ্ধির হার ৫% এ উন্নীত করা | ৩ | % | ২.৭৫ | ২ | ৩ | ৩ | ৩.২৫ | ৩.৫০ | ৩.৭৫ |
| ৫. ২০৩০ সালের মধ্যে সুবিধাভোগী এমএফআই সদস্যদের সঞ্চয় বৃদ্ধির হার ২৫% এ উন্নীত করা | ৪ | % | ২০ | ১৬ | ১৮ | ১৮ | ২১ | ২৩ | ২৫ |

## ৬.০ অধিদপ্তর/সংস্থার সাম্প্রতিক অর্জন, কার্যক্রমসমূহ এবং ফলাফল নির্দেশক ও লক্ষ্যমাত্রা এবং ব্যয় প্রাক্কলন

### ৬.১ সচিবালয়

৬.১.১ **সাম্প্রতিক অর্জন:** আর্থিক অন্তর্ভুক্তি বৃদ্ধির লক্ষ্যে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ 'জাতীয় আর্থিক অন্তর্ভুক্তিকরণ কৌশল পত্র' প্রণয়ন করেছে। এ বিভাগ ৩টি নতুন আইন, ২টি বিধিমালা ও ৭টি প্রবিধানমালা প্রণয়ন এবং কয়েকটি আইন ও প্রবিধান সংশোধন করেছে। দেশব্যাপী ফাইন্যান্সিয়াল লিটারেসি প্রোগ্রাম চালু করা হয়েছে এবং ৬০ হাজার পুঁজিবাজার বিনিয়োগকারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। রাষ্ট্রমালিকানাধীন ব্যাংকের পরিচালক ও ব্যবস্থাপকদের দক্ষতা বৃদ্ধিতে প্রশিক্ষণ ও কর্মকৃতি নির্দেশক চালু করা হয়েছে। রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহের কর্মচারীদের পদোন্নতি নীতিমালা-২০২৫' এবং 'রাষ্ট্রমালিকানাধীন বিশেষায়িত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের কর্মচারীদের পদোন্নতি নীতিমালা-২০২৫' শিরোনামে দুটি নীতিমালা প্রণয়ন করা হয়েছে। মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস বিস্তারে সরকারি ব্যাংকগুলো কাজ করছে এবং ২০২০ সাল থেকে নতুন KYC ফরম চালু হয়েছে। বিদেশি বিনিয়োগবান্ধব ব্যাংকিং সুবিধা উন্নয়নে পদক্ষেপ নেওয়া হয়েছে। মানবসম্পদ উন্নয়ন, অটোমেশনপদ , এর -স্কুল ও মোবাইল ব্যাংকিং ,সৃজন ও দক্ষ পরিচালনা পর্ষদ গঠনের মাধ্যমে ব্যাংকিং খাত শক্তিশালী করা হয়েছে। কৃষিঋণ ৪ মাধ্যমে অন্তর্ভুক্তি বাড়ানো হয়েছে। ক্ষুদ্রঋণ গ্রহীতার সংখ্যা.২ কোটিতে পৌঁছেছে। পাশাপাশি Bank Resolution Act ও Distressed Asset Management Act প্রণয়নের মাধ্যমে সংকটে থাকা ব্যাংকের সমাধানে উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

### ৬.১.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| প্রযোজ্য নয় | | | | | | | | | | |

### ৬.১.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৪-২৫ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| পরিচালন কার্যক্রম | | | | | | | |
| সাধারণ কার্যক্রম | | | | | | | |
| ১১২০১০১ - সচিবালয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | ১-৩ | ১০,৩০,৫৬ | ১৬,৫০,৪০ | ১৫৮৪,২৭,৭৪ | ১৬,৮৫,০০ | ৭৩,৬৬,৫০ | ৭৭,৯৯,১০ |
| মোট : সাধারণ কার্যক্রম | | **১০,৩০,৫৬** | **১৬,৫০,৪০** | **১৫৮৪,২৭,৭৪** | **১৬,৮৫,০০** | **৭৩,৬৬,৫০** | **৭৭,৯৯,১০** |
| সহায়তা কার্যক্রম | | | | | | | |
| ১৩১০১৫০০০ - স্যোসাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এস.ডি.এফ.) | ২ | ৫৭,০০,০০ | ৫৬,৩০,০০ | ৫৬,৩০,০০ | ৫৫,০০,০০ | ০ | ০ |
| ১৩২০১১৯০০ - মিউনিসিপ্যাল ডেভেলপমেন্ট ফান্ড | ২ | ৩,৫০,০০ | ৩,০০,০০ | ৩,০০,০০ | ৩,০০,০০ | ৩,০০,০০ | ৩,০০,০০ |
| মোট : সহায়তা কার্যক্রম | | **৬০,৫০,০০** | **৫৯,৩০,০০** | **৫৯,৩০,০০** | **৫৮,০০,০০** | **৩,০০,০০** | **৩,০০,০০** |
| মোট : পরিচালন কার্যক্রম | | **৭০,৮০,৫৬** | **৭৫,৮০,৪০** | **১৬৪৩,৫৭,৭৪** | **৭৪,৮৫,০০** | **৭৬,৬৬,৫০** | **৮০,৯৯,১০** |
| উন্নয়ন কার্যক্রম | | | | | | | |
| বার্ষিক উন্নয়ন কর্মসূচি বহির্ভূত | | | | | | | |
| ২১২০০০৫০০ - আরবান বিল্ডিং সেফটি প্রজেক্ট | ৩ | ১৯,১৮,৬৬ | ৩০,০০,০০ | ৩০,০০,০০ | ২৫,০০,০০ | ০ | ০ |
| ২১২০০২৬০১ - রুরাল মাইক্রোএন্টারপ্রাইস ট্রান্সফরমেশন প্রজেক্ট (আরএমটিপি) আইএফএডি লোন | ২ | ০ | ৪০,০০,০০ | ৩৬,০০,০০ | ০ | ০ | ০ |
| ২১২০০২৬০২ - রিকভারি এন্ড এডভান্সমেন্ট অফ ইনফরমাল সেক্টর ইমপ্লয়মেন্ট প্রজেক্ট (আরএআইএসই) | ২ | ০ | ২৫৩,০০,০০ | ৩৫০,০০,০০ | ৯০৫,৮০,৮৫ | ৪০৬,২৯,০৪ | ৪০৭,৫৭,১৩ |
| ২১২০০২৬০৩ - বাংলাদেশ রুরাল ওয়াটার, স্যানিটেশন এন্ড হাইজেনিক ফর হিউমান ক্যাপিটাল ডেভেলপমেন্ট প্রজেক্ট | ২ | ০ | ৪৫০,০০,০০ | ৩৫০,০০,০০ | ৫৩,০০,০০ | ০ | ০ |
| ২১২০০২৬০৪ - মাইক্রোএন্টারপ্রাইস ফাইন্যান্সিং এন্ড ক্রেডিট ইনহ্যান্সমেন্ট প্রজেক্ট | ২ | ০ | ৫৬০,০০,০০ | ৫৪৯,০৮,৪৯ | ১,১৫ | ১,০০,০০ | ০ |
| ২১২০০২৬০৫ - সাসটেইনেবল মাইক্রোএন্টারপ্রাইস এন্ড রিসাইলেন্ট ট্রান্সফরমেশন (এসএমএআরটি) | ২ | ০ | ৫৫৩,২৬,৮৬ | ৭০০,০০,০০ | ১১১২,০০,০০ | ১০০০,০০,০০ | ১০০০,০০,০০ |
| ২১২০০২৮০১ - রিসাইলেন্স এন্ট্রিপ্রিনিউয়ারশীপ লাইভলিহুড ইমপ্রুভমেন্ট প্রজেক্ট | ২ | ০ | ৪৮৭,৭৩,১৪ | ৪৫০,০০,০০ | ০ | ০ | ০ |
| ২১২০০২৮০২ - বাংলাদেশ সাস্টেইনাবল রিকভারি, ইমার্জেন্সি প্রিপারেডনেস এন্ড রেসপন্স প্রজেক্ট (বি-স্ট্রং)-কম্পোনেন্ট-২ (লিভলিহুড রিকভারি এন্ড এনহ্যান্সমেন্ট সাপোর্ট) | | ০ | ০ | ৬০,০০,০০ | ১৮৭,৮৭,০০ | ৪০০,০০,০০ | ৪২৩,১৪,৮৭ |
| ২১২০০৩১০০ - রুরাল এন্ড পেরি-আরবান হাউজিং ফিন্যান্স প্রজেক্ট | ৩ | ০ | ৮০০,০০,০০ | ৮২৫,০০,০০ | ১০০০,০০,০০ | ১০০০,০০,০০ | ১০০০,০০,০০ |
| মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি বহির্ভূত | | **১৯,১৮,৬৬** | **৩১৭৪,০০,০০** | **৩৩৫০,০৮,৪৯** | **৩২৮৩,৬৯,০০** | **২৮০৭,২৯,০৪** | **২৮৩০,৭২,০০** |
| বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | | | | | | |
| ২২১০০০১১২ - আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অননুমোদিত প্রকল্পের জন্য সংরক্ষিত | ১-৩ | ০ | ১৯৫,০২,০০ | ০ | ৮০,০০,০০ | ৮০০,০০,০০ | ১০০০,০০,০০ |
| ২২৩০৫১৯০০ - "যমুনা নদী টেকসই ব্যবস্থাপনা প্রকল্প-১" দুর্যোগ ঝুঁকি অর্থায়ন (কম্পোনেন্ট-৩) (০৯/১২/২০২৩ - ৩০/০৬/২০২৮) অনুমোদিত | ২ | ০ | ৩১,৯৭,০০ | ২৬,৩০,০০ | ৪১,১০,০০ | ৪১,০১,৯৬ | ০ |
| ২২৩০৫৫৯০০ - প্রজেক্ট প্রিপারশন এডভান্স ফিন্যান্সিয়াল সেক্টর সাপোর্ট প্রজেক্ট-II (০১/০৪/২০২৫ - ৩১/০৩/২০২৭) | | ০ | ০ | ৩,৪০,৮৫ | ৬৯,৭৯,০০ | ০ | ০ |
| মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | **০** | **২২৬,৯৯,০০** | **২৯,৭০,৮৫** | **১৯০,৮৯,০০** | **৮৪১,০১,৯৬** | **১০০০,০০,০০** |
| মোট : উন্নয়ন কার্যক্রম | | **১৯,১৮,৬৬** | **৩৪০০,৯৯,০০** | **৩৩৭৯,৭৯,৩৪** | **৩৪৭৪,৫৮,০০** | **৩৬৪৮,৩১,০০** | **৩৮৩০,৭২,০০** |
| মোট : | | **৮৯,৯৯,২২** | **৩৪৭৬,৭৯,৪০** | **৫০২৩,৩৭,০৮** | **৩৫৪৯,৪৩,০০** | **৩৭২৪,৯৭,৫০** | **৩৯১১,৭১,১০** |

## ৬.২ বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি

**৬.২.১ সাম্প্রতিক অর্জন:** বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি বীমা বিষয়ক ৭৯টি প্রশিক্ষণ কোর্সের মাধ্যমে ৫,২১১ জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ প্রদান করেছে এবং বীমা বিষয়ক ০৬ (ছয়)টি সেমিনার/ওয়ার্কশপ আয়োজন করেছে। একাডেমি হতে বিগত ৩ (তিন) অর্থবছর লাইফ এবং নন-লাইফ ইনসিওরেন্স বিষয়ক ২০৪ (দুইশত চার) জন শিক্ষার্থী এসোসিয়েটেশীপ অব বাংলাদেশ ইনসিওরেন্স একডেমি (ABIA) ডিগ্রী অর্জন করেছে।

## ৬.২.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. বীমা বিষয়ক প্রশিক্ষণ প্রদান | প্রশিক্ষিত জনবল | ৩ | সংখ্যা | ১১৭৫ | ৯২০ | ১২০০ | ১২০০ | ১২২৫ | ১২৫০ | ১২৭৫ |

## ৬.২.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৪-২৫ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| পরিচালন কার্যক্রম | | | | | | | |
| সহায়তা কার্যক্রম | | | | | | | |
| ১৩১০০২০০০ - বাংলাদেশ ইনস্যুরেন্স একাডেমি | ১ | ২,০২,৮০ | ২,২৪,০০ | ২,২৪,০০ | ৫,৩৭,০০ | ৫,৫৯,১২ | ৫,৭১,১২ |
| মোট : সহায়তা কার্যক্রম | | **২,০২,৮০** | **২,২৪,০০** | **২,২৪,০০** | **৫,৩৭,০০** | **৫,৫৯,১২** | **৫,৭১,১২** |
| মোট : পরিচালন কার্যক্রম | | **২,০২,৮০** | **২,২৪,০০** | **২,২৪,০০** | **৫,৩৭,০০** | **৫,৫৯,১২** | **৫,৭১,১২** |
| মোট : | | **২,০২,৮০** | **২,২৪,০০** | **২,২৪,০০** | **৫,৩৭,০০** | **৫,৫৯,১২** | **৫,৭১,১২** |

## ৬.৩ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (আইডিআরএ)

৬.৩.১ **সাম্প্রতিক অর্জন: বীমা খাতের উন্নয়ন ও প্রসার, সুশাসন নিশ্চিতকরণ, বীমা খাতের উপর আস্থা অর্জনের লক্ষ্যে জাতীয় উন্নয়ন অগ্রাধিকারের সাথে সামঞ্জস্য রেখে তিন ক্যাটাগরির (আইনগত, ডিজিটাল ও প্রাতিষ্ঠানিক) মোট ৭৫টি সংস্কার কার্যক্রম ইতোমধ্যে গ্রহণ করা হয়েছে।** বীমাকারীদের আর্থিক সচ্ছলতা নিশ্চিতকরণের লক্ষ্যে 'লাইফ এবং নন-লাইফ বীমাকারীর সলভেন্সি মার্জিন প্রবিধানমালা, ২০২৪', বীমা দাবী নিষ্পত্তি দ্রুত ও সহজীকরণের লক্ষ্যে 'বীমা দাবী ব্যবস্থাপনা গাইডলাইন্স, ২০২৪', বীমা গ্রাহকদের স্বার্থ সুরক্ষা নিশ্চিত করার লক্ষ্যে 'বীমা গ্রাহক সুরক্ষা গাইডলাইন্স, ২০২৪', জারি করা হয়েছে। দেশে প্রয়োজনীয় সংখ্যক একচ্যুয়ারি সৃষ্টির লক্ষ্যে Actuarial Science এ অধ্যয়নের জন্য বৃত্তি প্রদান করা হচ্ছে। এছাড়া, বীমা খাতের প্রসার ও বিপণন ব্যবস্থা বহুমূখীকরণের লক্ষ্যে 'ব্যাংকাসুরেন্স' চালু করা হয়েছে।

## ৬.৩.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. বীমা বিষয়ক বিধিমালা/প্রবিধানমালা/গাইডলাইন জারি | প্রেরিত বীমা বিষয়ক বিধিমালা/প্রবিধানমালা/ জারিকৃত গাইডলাইন | ৩ | সংখ্যা | ৩ | ৩ | ৩ | ৩ | ৩ | ৩ | ৩ |
| ২. বীমা দাবী নিষ্পত্তির হার বৃদ্ধি | নিস্পত্তিকৃত দাবীর হার | ৩ | % | ৭৬ | ৫০.০০ | ৭০.৫ | ৫০.৫ | ৭০ | ৭২ | ৭৫ |
| ৩. বীমা খাতে অন্তর্ভুক্তি বৃদ্ধি | বীমা খাতে পেনিট্রেশন | ৩ | % | [০.৪১ | ০.৪১ | ০.৪৫ | ০.৪৫ | ০.৫০ | ০.৫০ | ০.৫০ |

## ৬.৩.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৪-২৫ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| উন্নয়ন কার্যক্রম | | | | | | | |
| বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | | | | | | |
| ২২৪২২৩৯০০ - বাংলাদেশের বীমা খাত উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত) (০১/০৭/২০১৮ - ৩০/০৬/২০২৬) অনুমোদিত | ২ | ১৫১,৫০,৮১ | ৩০,৩৭,০০ | ১৭৪,৮৮,৬১ | ০ | ০ | ০ |
| মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | **১৫১,৫০,৮১** | **৩০,৩৭,০০** | **১৭৪,৮৮,৬১** | **০** | **০** | **০** |
| মোট : উন্নয়ন কার্যক্রম | | **১৫১,৫০,৮১** | **৩০,৩৭,০০** | **১৭৪,৮৮,৬১** | **০** | **০** | **০** |
| মোট : | | **১৫১,৫০,৮১** | **৩০,৩৭,০০** | **১৭৪,৮৮,৬১** | **০** | **০** | **০** |

## ৬.৪ বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম)

৬.৪.১ **সাম্প্রতিক অর্জন:** বিআইসিএম কর্তৃক ৫০টি বিনিয়োগ শিক্ষা প্রোগ্রামের মাধ্যমে ১৮১৯ জন, ২৩টি সার্টিফিকেট কোর্সের মাধ্যমে ১১৩৭ জন, ৪৬টি বিনিয়োগ শিক্ষা প্রোগ্রামের মাধ্যমে ২০৫৩ জন, ২৪টি সার্টিফিকেট কোর্সের মাধ্যমে ৬২৬ জন এবং ১০০টি বিনিয়োগ শিক্ষা প্রোগ্রামের মাধ্যমে ২১৪০জন, এবং ২৭টি সার্টিফিকেট কোর্সের মাধ্যমে ৩৭৬ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ৭৪টি সার্টিফিকেট কোর্স আয়োজনের মাধ্যমে ৬০১২ জন্য প্রান্তিক বিনিয়োগকারী/বিনিয়োগ শিক্ষা প্রদান, মাস্টার অব অ্যাপ্লাইড ফাইন্যান্স অ্যান্ড ক্যাপিটাল মার্কেট এর ছয়টি ব্যাচে ১০৩ জন শিক্ষার্থীকে এবং পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোম ইন ক্যাপিটাল মার্কেট এর ৮ ব্যাচে ১৯৭ জন শিক্ষার্থীকে পাঠদান , ফাইন্যান্সিয়াল মডেলিং অ্যান্ড ভ্যালুয়েশন এক্সপার্ট সার্টিফিকেশন প্রোগ্রাম এর ২টি ব্যাচে আয়োজনের মাধ্যমে ২৮ জনকে প্রশিক্ষণ, মিউচয়াল ফান্ড সেলিং এজেন্ট এর ১টি ব্যাচে আয়োজনের মাধ্যমে ১৫ জনকে লাইসেন্সিং পরীক্ষার জন্য প্রশিক্ষণ দেওয়া হয়, রিসার্চ সেমিনার সিরিজের অধীনে ৩৩টি রিসোর্চ সেমিনার করা হয়েছে এবং ১টি বার্ষিক পুঁজিবাজার সম্মেলন এর আয়োজন করেছে। এছাড়াও ইন্সটিটিউটের পক্ষ হতে দেশের সকল বিভাগে অবস্থিত সরকারী এবং বেসরকারী বিশ্ববিদ্যালয়/কলেজে বিনিয়োগ শিক্ষা কার্যক্রম পরিচালনা করা হয়েছে। ।

### ৬.৪.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. পুজিঁবাজারে বিনিয়োগকারীদের জন্য প্রশিক্ষণ | প্রশিক্ষিত বিনিয়োগকারী/ জনবল | ২ | সংখ্যা | ২০০০ | ২০৫৩ | ২০০০ | ৩০০০ | ৩৫০০ | ৪০০০ | ৪৫০০ |
| ২. পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা এবং সার্টিফিকেট কোর্স অন ক্যাপিটাল মার্কেট প্রোগ্রাম আয়োজন | পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা প্রোগ্রাম সংখ্যা | ২ | ব্যাচ | ৩ | ৩ | ২ | ২ | ২ | ২ | ২ |
| | সার্টিফিকেট প্রোগ্রাম সংখ্যা | ২ | সংখ্যা | ২৪ | ২৪ | ২৪ | ২৪ | ২৪ | ২৪ | ২৪ |
| ৩. মাস্টার অব অ্যাপ্লাইড ফিন্যান্স অ্যান্ড ক্যাপিটাল মার্কেট (এমএএফসিএম) চালু | এমএএফসিএম প্রোগ্রাম সংখ্যা | ২ | ব্যাচ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ |
| ৪. পুজিবাজারকে অধিকতর কার্যকর করার জন্য মানসম্মত গবেষণা পরিচালনা করা] | গবেষণার সংখ্যা | ২ | সংখ্যা | ৩ | ৪ | ৪ | ৩ | ৪ | ৫ | ৫ |

### ৬.৪.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৪-২৫ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| পরিচালন কার্যক্রম | | | | | | | |
| সহায়তা কার্যক্রম | | | | | | | |
| ১৩১০০১৯০০ - বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম) | ১-২ | ১০,৭৭,৭৯ | ১১,৫৯,৬০ | ১১,৩২,১০ | ১১,৪৩,০০ | ১৩,৯৭,৩৮ | ১৪,৩৩,৭৮ |
| মোট : সহায়তা কার্যক্রম | | **১০,৭৭,৭৯** | **১১,৫৯,৬০** | **১১,৩২,১০** | **১১,৪৩,০০** | **১৩,৯৭,৩৮** | **১৪,৩৩,৭৮** |
| মোট : পরিচালন কার্যক্রম | | **১০,৭৭,৭৯** | **১১,৫৯,৬০** | **১১,৩২,১০** | **১১,৪৩,০০** | **১৩,৯৭,৩৮** | **১৪,৩৩,৭৮** |
| মোট : | | **১০,৭৭,৭৯** | **১১,৫৯,৬০** | **১১,৩২,১০** | **১১,৪৩,০০** | **১৩,৯৭,৩৮** | **১৪,৩৩,৭৮** |

## ৬.৫ বাংলাদেশ ব্যাংক

৬.৫.১ **সাম্প্রতিক অর্জন**: বিভিন্ন সামাজিক গোষ্ঠীকে ক্ষমতায়ন করতে ব্যাংক-ভিত্তিক প্রচারণা ও শিক্ষা কার্যক্রমের জন্য 'আর্থিক সাক্ষরতা নির্দেশিকা' (Financial Literacy Guidelines) প্রবর্তন করা হয়েছে। সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচির সুবিধাভোগী, মুক্তিযোদ্ধা, ক্ষুদ্র-বীমা সুবিধাভোগী, বেকার যুবক, সিটি কর্পোরেশনের পরিচ্ছন্নতা কর্মী, ক্ষুদ্র জুতো ও চামড়া শিল্পের শ্রমিক, তৈরি পোশাক শ্রমিক, দুর্যোগ আক্রান্ত মানুষ, শারীরিক ও দৃষ্টি প্রতিবন্ধী ব্যক্তি, ক্ষুদ্র ব্যবসায়ী, ১৮ বছরের কম বয়সী শিক্ষার্থী এবং পথশিশু ও কর্মজীবী শিশুরা এখন ব্যাংক অ্যাকাউন্ট খুলতে পারছে। ২০২৫ সালের সেপ্টেম্বর শেষে এ ধরনের মোট অ্যাকাউন্টের সংখ্যা দাঁড়িয়েছে ৩,৩৭,৯৪,৪৭৭টি, যেখানে মোট জমার পরিমাণ ৭,১৫৪.১৩ কোটি টাকা। বাংলাদেশ ব্যাংক স্কুল ব্যাংকিং কার্যক্রমও বাস্তবায়ন করেছে, যা শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে ব্যাপক সাড়া ফেলেছে। ২০২৫ সালের সেপ্টেম্বর শেষে শিক্ষার্থী অ্যাকাউন্টের সংখ্যা ৪৮,০৪,৭৯০-এ পৌঁছেছে এবং মোট জমার পরিমাণ দাঁড়িয়েছে ২,১৬৯.৯৮ কোটি টাকা।টেকসই ঋণ প্রবাহ নিশ্চিত করতে কেন্দ্রীয় ব্যাংক CMSME খাতের জন্য ২৫,০০০ কোটি টাকার প্রি-ফাইন্যান্স স্কিমের মেয়াদ অনির্দিষ্টকালের জন্য বৃদ্ধি করেছে। এর ফলে ক্ষুদ্র উদ্যোক্তারা সহজ শর্তে এবং প্রতিযোগিতামূলক সুদে বিনিয়োগ সুবিধা গ্রহণ করতে পারছে। স্টার্ট-আপ ইকোসিস্টেমকে সহায়তা দিতে বাংলাদেশ ব্যাংক ৫০০ কোটি টাকার একটি পুনঃঅর্থায়ন তহবিল গঠন করেছে এবং তফশিলি ব্যাংকগুলোর নিট মুনাফার ১% অর্থায়নে একটি স্টার্ট-আপ ফান্ড প্রতিষ্ঠা করেছে। আন্তর্জাতিক বাণিজ্য সহজ করতে এবং যথাযথ কর ও KYC পরিপালন নিশ্চিত করতে, SME ফাউন্ডেশন নিবন্ধিত প্রতিষ্ঠানগুলোকে বছরে ৩,০০০ মার্কিন ডলার পর্যন্ত ব্যবসায়িক ব্যয় রেমিট্যান্স বা রিফিলযোগ্য SME কার্ডের মাধ্যমে পাঠানোর অনুমতি দেওয়া হয়েছে।

### ৬.৫.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহের শ্রেণিকৃত ঋণের পরিমাণ হ্রাসকরণ | শ্রেণিকৃত ঋণের পরিমাণ | ১ | হাজার কোটি টাকা | - | ১৫৬.১৭ | - | ১৫৮.৭৯৮* | - | - | - |
| ২. কৃষি খাতে ঋণ বিতরণ | বিতরণকৃত ঋণ | ১ | হাজার কোটি টাকা | ৩৮.০০ | ৩৭.৩৩ | ৪১.৮০ | ৩৯.০০ | ৪৫.৯৮ | ৫০.৫৮ | ৫৫.৬৪ |
| ৩. এসএমই খাতে ঋণ বিতরণ | বিতরণকৃত ঋণ | ১ | হাজার কোটি টাকা | ২০৩ | ২০৫.৪৯ | ২২৩ | ২২৬ | ২৪৮ | ২৭৩ | ৩০০ |

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ৪. এজেন্ট ব্যাংকিং কার্যক্রম সম্প্রসারণ | নতুন গ্রাহক সংখ্যা | ১ | সংখ্যা (লক্ষ) | ৩৫ | ১৩.৭২] | ৩৭ | ১৫ | ১৬ | ১৮ | ২০ |

**৬.৫.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন**

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৪-২৫ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | | |

## ৬.৬ বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি)

**৬.৬.১** সাম্প্রতিক অর্জন: বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন বিভিন্ন কোম্পানিকে আইপিও, রাইটস, বিভিন্ন ডেট সিকিউরিটিজ ও অন্যান্য সিকিউরিটিজ এর মাধ্যমে যথাক্রমে ১০,৯২৫.২৬ কোটি টাকা ও ২৪,৮৭৫.৩০ কোটি টাকা ৬,১৭২.৪৬ কোটি টাকা উত্তোলনের অনুমোদন প্রদান করেছে। কোম্পানিগুলো প্রাথমিক গণপ্রস্তাব (আইপিও), রাইট ইস্যু, বিভিন্ন ডেট সিকিউরিটিজসহ অন্যান্য সিকিউরিটিজের মাধ্যমে মূলধন সংগ্রহ করেছে। এই সময়ের মধ্যে, মূলধন সংগ্রহের অনুমোদনকারী কোম্পানীগুলো যথাক্রমে ৫৭ ,৭০ এবং ২৭টি উন্নীত করা হয়েছে। এ সময়ে বাজার মধ্যস্থতাকারীদের কার্যক্রম বৃদ্ধির জন্য কমিশন ৭৩টি স্টক ব্রোকার সনদ, ৭৩টি স্টক ডিলার সনদ, ২০টি এ্যাসেট ম্যানেজম্যান্ট কোম্পানি সনদ, ৯১টি ডেট সিকিউরিটি ইস্যুর জন্য ট্রাস্টি নিবন্ধন সনদ, ৫৪টি ডিপোজিটরি অংশ গ্রহণকারী নিবন্ধন সনদ, ১০টি ফান্ড ম্যানেজার নিবন্ধন সনদ, ০৪টি মার্চেন্ট ব্যাংকার নিবন্ধন সনদ, ০৩টি বাজার সৃষ্টিকারী সনদ, ০১টি কমোডিটি এক্সচেঞ্জ সার্টিফিকেট সনদ, ০৪টি সিকিউরিটি কাস্টডিয়ান, ১১৬ ব্রাঞ্চ সার্টিফিকেট অব স্টক ব্রোকার, ০৮টি অলটারনেটিভ ইনভেস্টমেন্ট এর জন্য ট্রাস্টি নিবন্ধন সনদ, ১৭৮৮টি অনুমোদিত প্রতিনিধি নিবন্ধন সনদ এবং ৩০২টি ডিজিটাল বুথের নিবন্ধন প্রদান করেছে। বাজারে শৃঙ্খলা সমুন্নত রাখতে এ সময়ে মোট ৯৮৭টি এনফোর্সমেন্ট আ্যাকশন গ্রহণ করা হয়েছে।

**৬.৬.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা**

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. পুঁজিবাজারে নতুন বিনিয়োগ বৃদ্ধি | নতুন বিনিয়োগের পরিমাণ | ২ | কোটি টাকায় | ১৩,০০০ | ৬১৬৭.৪৭ | ১৩,৬৫০ | ১০০০০ | ১৪,৩০০ | ১৫,০০০ | ১৫,৫০০ |
| ২. পুঁজিবাজারে তালিকাভুক্ত কোম্পানি বৃদ্ধি | তালিকাভুক্ত কোম্পানি | ২ | সংখ্যা | ৩ | ০ | ৪ | ২ | ৫ | ৬ | ৭ |
| ৩. মূলধন উত্তোলনের লক্ষ্যে আইপিও/আরপিও/রাইট/ ডেট সিকিউরিটিজ ইস্যুকরণ | আইপিও/ আরপিও/ রাইট/ডেট সিকিউরিটিজ ইস্যুকৃত | ২ | সংখ্যা | ১৮ | ১২ | ২০ | ১৫ | ২২ | ২৩ | ২৪ |
| ৪. দেশব্যাপি ফাইন্যান্সিয়াল লিটারেসি ও বিনিয়োগকারীগণের প্রশিক্ষণ প্রদান | কার্যক্রমে অংশগ্রহণকারী | ২ | সংখ্যা | ৭৮০০ | ৭০১৩ | ৭৮০০ | ৮০০০ | ৮১০০ | ৮২০০ | ৮৩০০ |

### ৬.৬.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৪-২৫ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | | |

## ৬.৭ মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি

**৬.৭.১ সাম্প্রতিক অর্জন:** ক্ষুদ্রঋণ খাতের নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান হিসেবে মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি কর্তৃক ক্ষুদ্রঋণ খাতের গ্রাহকের ঋণ তথ্য সম্পর্কে নিশ্চিত হওয়ার জন্য মাইক্রোফাইন্যান্স ক্রেডিট ইনফরমেশন ব্যুরো (MF-CIB) বাস্তবায়ন করা এবং ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনার জন্য ০৫টি প্রতিষ্ঠানকে সনদ প্রদান করা হয়েছে। এমআরএ'র সনদপ্রাপ্ত প্রতিষ্ঠানের মাধ্যমে ১ লক্ষ ৮০ হাজার কোটি টাকা, ২ লক্ষ ৬১ হাজার ৫২৪ কোটি টাকা এবং ২ লক্ষ ৭৭ হাজার ৩৬ কোটি টাকা ক্ষুদ্রঋণ বিতরণ করা হয়েছে।

### ৬.৭.২ কার্যক্রমসমূহ,ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. ক্ষুদ্রঋণ বিতরণ ও আদায় | বিতরণকৃত ক্ষুদ্রঋণ | ৪ | হাজার কোটি টাকা | ২৭০ | ২৭৭ | ২৮৫ | ২৮৫ | ২৯০ | ২৯৭ | ৩০৫ |
| | আদায়কৃত ক্ষুদ্রঋণ | ৪ | হাজার কোটি টাকা | ২৬০ | ২৬৬ | ২৭০ | ২৭০ | ২৭৭ | ২৮৫ | ২৯০ |
| ২. এমএফআই সুবিধাভোগীদের সংখ্যা বৃদ্ধি | সুবিধাভোগীর সংখ্যা | ৪ | সংখ্যা (লক্ষ) | ৪২০ | ৪৩৯ | ৪৪৫ | ৪৪৫ | ৪৫০ | ৪৫৫ | ৪৬০ |
| ৩. নারীদের মধ্যে ক্ষুদ্রঋণ বিতরণ | ক্ষুদ্রঋণ গ্রহণকারী নারীর সংখ্যা | ৪ | সংখ্যা (লক্ষ) | ৩০২ | ৩০৭ | ৩১০ | ৩১০ | ৩১৫ | ৩২০ | ৩২৫ |

### ৬.৭.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৪-২৫ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | | |

## ৬.৮ পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)

৬.৮.১ **সাম্প্রতিক অর্জন:** কর্ম সৃজনের মাধ্যমে দেশে দারিদ্র্য হ্রাস করণের লক্ষ্যে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) বার্ষিক উন্নয়ন কর্মসূচি বহির্ভূত বেশ কয়েকটি প্রকল্প ও কর্মসূচি বাস্তবায়ন করছে। পিকেএসএফ কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের বেশিরভাগ উপকারভোগীই নারী। পিকেএসএফ-এর প্রধান কার্যাবলীর মধ্যে রয়েছে  ক্ষুদ্রঋণ বিতরণ, কৃষি ও পশুসম্পদ উন্নয়নে কারিগরি সহায়তা প্রদান, দুর্যোগ ও জলবায়ুর অভিঘাত মোকাবেলায় ঋণ ও অনুদান সহায়তা প্রদান, স্বাস্থ্যসম্মত টয়লেট ব্যবহারে অভিগম্যতা, আয় বর্ধনমূলক কর্মকান্ডে প্রশিক্ষণ প্রদান, জব প্লেসমেন্ট ইত্যাদি। পিকেএসএফ তার সহযোগীসংস্থাসমূহের মাঝে যথাক্রমে ৬,৭২০ কোটি টাকা, ৭,৫৫৩ কোটি টাকা, ৯,৩৫৮ কোটি টাকা তহবিল সরবরাহ করেছে এবং উক্ত সময়ে সহযোগী সংস্থাসমূহ ঋণ গ্রহীতা পর্যায়ে যথাক্রমে ১,০৪,০৬১ কোটি টাকা, ১,১৫,১২৩ কোটি টাকা, ১,৫৫,৪০০ কোটি টাকা ক্ষুদ্রঋণ বিতরণ করেছে। পিকেএসএফ তার সহযোগী সংস্থাসমূহ হতে ৪,৯৮৮ কোটি টাকা, ৬,১৩৮ কোটি টাকা, ৭,০৭৩ কোটি টাকা ঋণ আদায় করেছে। উক্ত সময়ে সহযোগী সংস্থাসমূহ ঋণ গ্রহীতা হতে যথাক্রমে ৯২,৫৪১ কোটি টাকা, ১,০৭,৮৭৮ কোটি টাকা, ১,৪০,৯২৮ কোটি টাকা ঋণ আদায় করেছে। বর্তমানে পিকেএসএফ থেকে সহযোগী সংস্থা পর্যায়ে ঋণের আদায় হার ৯৯.৮৫% এবং সহযোগী সংস্থা থেকে ঋণ গ্রহীতা পর্যায়ে ঋণের আদায় হার ৯৯.১০%।

### ৬.৮.২ কার্যক্রমসমূহ,ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. ক্ষুদ্রঋণ বিতরণ | সহযোগী সংস্থা পর্যায়ে | ৪ | কোটি টাকা | ৯,৩৫৮ | ৯৩৫৮ | ১১,০০০ | ১১,২০০ | ১১,৭৬০ | ১২,৩৪৮ | ১২,৯৬৫ |
| | ঋণ গ্রহিতা পর্যায়ে | | | ১,৫৬,০০০ | ১,৫৫,৪০০ | ১,৬০,০০০ | ১,৬২,০০০ | ১,৭০,১০০ | ১,৭৮,৬০৫ | ১,৮৭,৫৩৫ |
| ২. ক্ষুদ্রঋণ আদায় | সহযোগী সংস্থা পর্যায়ে | ৪ | কোটি টাকা | ৭,০৭৩ | ৭,০৭৩ | ৮,৫৫১ | ৮,৫৬০ | ৮,৯৮৮ | ৯,৪৩৭ | ৯,৯১০ |
| | ঋণ গ্রহিতা পর্যায়ে | | | ১,৪২,১৯৪ | ১,৪০,৯২৮ | ১,৪৪,৯৯২ | ১,৪৬,৮০৪ | ১,৫৪,১৪৪ | ১,৬১,৮৫১ | ১,৬৯,৯৪৪ |
| ৩. সহযোগী সংস্থার সুবিধাভোগীদের সংখ্যা বৃদ্ধি | সুবিধাভোগীর সংখ্যা | ৪ | সংখ্যা (লক্ষ) | ২১০ | ২০৭ | ২১৫ | ২১৫ | ২২৩ | ২৩১ | ২৪০ |
| ৪. নারীদের মধ্যে ক্ষুদ্রঋণ বিতরণ | ক্ষুদ্রঋণ গ্রহণকারী নারীর সংখ্যা | ৪ | সংখ্যা (লক্ষ) | ১৫০ | ১৪৮ | ১৫৪ | ১৫৪ | ১৬১ | ১৬৭ | ১৭৪ |

### ৬.৮.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৪-২৫ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | | |